শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণায়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২৩-২০২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সংশোধনের লক্ষ্যে এপিএ কমিটির সেপ্টেম্বর/২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: শামিমা বেগম
যুগ্মসচিব (প্রশাসন) ও এপিএ (APA) টিম লিডার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
সভার তারিখ: ২৫/০৯/২০২৩ সময়: দুপুর ১২:০০ ঘটিকা
সভার স্থান: মন্ত্রণালয়ের সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট- ক

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে এপিএ ফোকাল পয়েন্ট সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২) সভার বিষয়বস্তু উপস্থাপন করেন। সদস্য সচিব বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ অনুযায়ী পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার এপিএ সংশোধনের লক্ষ্যে অদ্যকার সভার আহবান করা হয়।

২.০ অত:পর পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত এপিএ সংশোধন প্রস্তাব সভায় উপস্থাপন করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার প্রেক্ষিতে কর্মসম্পাদন সূচক সংশোধন প্রস্তাব বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সেকশন-৩ (কর্মসম্পাদন পরিকল্পনা) এবং সংযোজনী-২ (কর্মসম্পাদন পরিকল্পনা ও প্রমাণক) নিম্নরূপভাবে আংশিক সংশোধনের বিষয়ে উপস্থিত সবাই একমত পোষণ করেন যা ছকে উপস্থাপন করা হলো:

২.১ পরিবেশ অধিদপ্তর:

(ক) সেকশন-৩ (কর্মসম্পাদন পরিকল্পনা):

| প্রস্তাবিত/ বিদ্যমান অবস্থা | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | | | | | সংশোধনের যৌক্তিকতা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | |
| বিদ্যমান | [২.৩] ইটভাটা সৃষ্ট বায়ুদূষণ নিয়ন্ত্রণ | [২.৩.১] বন্ধকৃত অবৈধ ইটভাটার সংখ্যা | সংখ্যা | ২ | ৩০০ | ২৭০ | ২৪০ | ২১০ | ১৮০ | বাস্তবিক অবস্থার পরিপ্রেক্ষিতে |
| প্রস্তাবিত | - | - | - | - | ১৫০ | ১৩৫ | - | - | - | |
| বিদ্যমান | [২.৪] যানবাহনের কালো ধোঁয়া, অবকাঠামো নির্মাণ, পুন:নির্মাণ, মেরামত বা সংস্কার কার্যে সৃষ্ট বায়ুদূষণ নিয়ন্ত্রণ | [২.৪.১] অভিযানকৃত ব্যক্তি/ প্রতিষ্ঠানের সংখ্যা | সংখ্যা | ২ | ১২৫ | ১২০ | ১১৫ | ১১০ | ১০৫ | |
| প্রস্তাবিত | - | - | - | - | ৬৫ | ৬০ | - | - | - | |
| বিদ্যমান | [২.৬] শব্দদূষণ নিয়ন্ত্রণ | [২.৬.১] পরিচালিত অভিযান/ মোবাইল কোর্টের সংখ্যা | সংখ্যা | ২ | ৩০০ | ২৮০ | ২৭০ | ২৬০ | ২৫০ | |
| প্রস্তাবিত | - | - | - | - | ১৫০ | ১৩৫ | - | - | - | |

| প্রস্তাবিত / বিদ্যমান অবস্থা | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | | | | | সংশোধনের যৌক্তিকতা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | |
| বিদ্যমান | [২.৫] বায়ুর গুণগত মান পরীক্ষা | [২.৫.১] Air Quality Index ওয়েবসাইটে প্রকাশ | দিন | ১ | ৩৬৫ | ৩৫০ | ৩৩৫ | ৩২০ | ৩০০ | পরিবেশ অধিদপ্তর কর্তৃক সারা দেশে ৩১টি ক্যামস ও সি-ক্যামস এর মাধ্যমে বায়ুমান তথ্য ও উপাত্ত সংগ্রহ করা হয়ে থাকে। সার্বক্ষণিক বায়ুমান পরিমাপের প্রাপ্ত উপাত্ত থেকে AQI প্রনয়ণ ও ওয়েবসাইটে প্রকাশ, মাসিক ও বার্ষিক প্রতিবেদন প্রকাশসহ বিভিন্ন প্রতিবেদন প্রনয়ণ করে থাকে। উক্ত তথ্য সংগ্রহের ক্ষেত্রে ক্যামস ষ্টেশন গুলোতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ও ইন্টারনেট সংযোগ প্রয়োজন যা বিভাগীয় ও জেলা শহরগুলোতে প্রায়শঃই বিঘ্ন ঘটে। এছাড়াও সংশ্লিষ্ট ক্যামস ষ্টেশন গুলোতে আইপিএস ও ইউপিএস এর সংযোগ না থাকায় ডাটা সরবরাহ/ব্যাকআপ এ বিঘ্নিত হয়। উল্লেখ্য যে, CAMS ও C-CAMS নিয়মিত মেরামত, যন্ত্রপাতিসমূহ নিয়মিত সচল রাখা ও কাঙ্খিত উপাত্ত সংগ্রহের হার বজায় রাখার লক্ষ্যে রক্ষণাবেক্ষণ ও খুচরা যন্ত্রাংশ (Spares Parts) সংগ্রহ/ক্রয়ের জন্য বাজেটে বরাদ্দকৃত টাকায় চাহিদা মোতাবেক খুচরা যন্ত্রাংশ ক্রয় করা সম্ভব হয়না বিধায় আশানুরুপ ডাটা সরবরাহ করা যায় না। এছাড়াও যান্ত্রিক ত্রুটি বা অন্যান্য কারণে উক্ত CAMS ও C-CAMS সমূহের মেরামত/রক্ষণাবেক্ষন বা যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন হলে দেশের বিভিন্ন অঞ্চলে/দুরত্বের স্থাপিত স্টেসনসমূহের পুনরায় চালু করতে সময়ের প্রয়োজন হয়। |
| প্রস্তাবিত | - | - | - | - | ৩৩০ | ৩১৫ | - | - | - | |
| বিদ্যমান | [২.৯] Extended Producer Responsibility (EPR) নির্দেশিকা প্রণয়ন | [২.৯.১] প্রেরিত নির্দেশিকা | তারিখ | ১ | ৩০.০৬.২৪ | - | - | - | - | বাংলাদেশে এই ধরণের নির্দেশিকা ইতোপূর্বে প্রণীত হয়নি। এছাড়া কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ এর আওতায় প্রণিত হওয়ায় এ নির্দেশিকা প্রতিপালনের আইনগত বাধ্যবাধকতা থাকবে। কাজেই নির্দেশিকাটি প্রণয়নের ক্ষেত্রে শিল্পোদ্যোক্তাসহ অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে বিভিন্ন পর্যায়ে যথেষ্ট সংখ্যক কনসালটেশনের প্রয়োজন। ফলে এতে পর্যাপ্ত সময়ের প্রয়োজনীয়তা রয়েছে। তাই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর ২.৯ এর কার্যক্রম সূচকে EPR নির্দেশিকা প্রণয়নের পরিবর্তে EPR এর খসড়া ভেটিং এর উদ্দেশ্যে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ দ্বারা সংশোধন প্রয়োজন। |
| প্রস্তাবিত | [২.৯] Extended Producer Responsibility (EPR) নির্দেশিকা এর খসড়া ভেটিং এর জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ | - | - | - | - | - | - | - | - | |
| বিদ্যমান | [৪.২] উপকূলীয়, ভূগর্ভস্থ ও ভূপৃষ্টস্থ পানির গুণগত মান পর্যবেক্ষণকৃত ফলাফল প্রকাশ | [৪.২.১] প্রকাশিত ও বিতরণকৃত প্রতিবেদন | সংখ্যা | ১ | ১ | - | - | - | - | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বছরের জুলাই-জুন সময়ে বাস্তবায়ন করতে হয়। কিন্তু উপকূলীয়, ভূগর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ পানির গুণগত মান পর্যবেক্ষণকৃত ফলাফল পঞ্জিকাবর্ষে প্রকাশিত হয়। এ সংক্রান্ত ফলাফল প্রকাশ এবং বিতরণের জন্য নিম্নবর্ণিত কার্যক্রম সম্পন্ন করতে হয়:<br>• সারা বছরের ফলাফল ডিসেম্বর মাসের পরে পরিবেশ অধিদপ্তরের সকল গবেষণাগার ও বিভাগীয় কার্যালয় হতে সংগৃহ করা;<br>• পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুযায়ী পরামর্শক নিয়োগ প্রদান করা;<br>• পরামর্শক কর্তৃক খসড়া রিপোর্ট প্রণয়ন করা;<br>• প্রণীত খসড়া রিপোর্ট Validation করা;<br>• চূড়ান্ত রিপোর্ট প্রণয়ন করা;<br>• পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুসরণ করে প্রণয়নকৃত প্রতিবেন প্রকাশের জন্য প্রকাশনা প্রতিষ্ঠান নির্ধারণ করা; |
| প্রস্তাবিত | - | [৪.২.১] প্রণয়নকৃত প্রতিবেদন | - | - | - | - | - | - | - | |

| প্রস্তাবিত / বিদ্যমান অবস্থা | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | | | | | সংশোধনের যৌক্তিকতা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | |
| | | | | | | | | | | • প্রকাশনা প্রতিষ্ঠান কর্তৃক রিপোর্ট প্রকাশ;<br>• রিপোর্ট বিতরণের জন্য ব্যক্তি/মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সরকারি-বেসরকারি সংস্থা/গবেষণা প্রতিষ্ঠান নির্ধারণ;<br>• সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নির্ধারণপূর্বক প্রকাশিত প্রতিবেদনটি বিতরণ।<br><br>বর্ণিত কার্যক্রমসমূহ এপিএ'র নির্ধারিত সময়ে সম্পন্ন করা সম্ভবপর হয়ে ওঠেনা। বিধায় লক্ষমাত্রা অংশে "প্রকাশিত ও বিতরণকৃত প্রতিবেদন" এর পরিবর্তে "প্রণয়নকৃত প্রতিবেদন" উল্লেখ করা যেতে পারে।<br><br>লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক এর ক্ষেত্রে "প্রকাশিত প্রতিবেদনের" পরিবর্তে "প্রণয়নকৃত প্রতিবেদন" উল্লেখ করা যেতে পারে। |

(খ) সংযোজনী-২ (কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক):

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | সংশোধনের প্রস্তাব | যৌক্তিকতা |
|---|---|---|---|
| [২.৬] শব্দদূষণ নিয়ন্ত্রণ | [২.৬.১] পরিচালিত অীভযান/মোবাইল কোর্টের সংখ্যা | সংযোজনী-২ এ লক্ষ্যমাত্রা অর্জনের প্রমানক অংশে প্রতিষ্ঠান বাদ দেয়া যেতে পারে | শব্দদূষণ নিয়ন্ত্রণে পরিচালিত ভ্রাম্যমাণ আদালতে হাইড্রোলিক হর্ন/উচ্চমাত্রার হর্ন/অযথা হর্ন ব্যবহারের জন্য গাড়ীচালকদের জরিমানা করা হয়। সেক্ষেত্রে শুধুমাত্র ব্যক্তি শব্দটি প্রযোজ্য। |

২.২ বাংলাদেশ বন শিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি):

(ক) সেকশন-৩ (কর্মসম্পাদন পরিকল্পনা):

| প্রস্তাবিত / বিদ্যমান অবস্থা | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ (সংশোধনের জন্য প্রস্তাবিত) | | | | | সংশোধনের যৌক্তিকতা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | |
| বিদ্যমান | [১.২] নার্সারি সৃজন ও পুন:বাগান সৃজন | [১.২.১] সৃজিত নার্সারি | সংখ্যা | ৫ | ২২.০ | ১৯.০ | ১৭.০ | ১৫.০ | ১৩.০ | ভুলক্রমে এককের কলামে একর না হয়ে সংখ্যা উল্লেখ করা। নার্সারি সৃজনের বিষয়টি এলাকা হিসেবে দেখানো হয়েছে। |
| প্রস্তাবিত | - | - | একর | ৫ | ২২.০ | ১৯.০ | ১৭.০ | ১৫.০ | ১৩.০ | |
| বিদ্যমান | [১.৪] উৎপাদিত রাবার শীট | [১.৪.২] দেশে-বিদেশে বিক্রিত রাবার | মে.টন | ৩ | ৫২০০ | ৫০০০ | ৪৮০০ | ৪৬০০ | ৪৪০০ | ২০২২-২৩ অর্থবছরে বৈশ্বিক প্রেক্ষাপটে রাবার বিক্রয় হয়েছে ৪১২২ মে.টন। বর্তমান বৈশ্বিক পরিস্থিতি অনুযায়ী লক্ষ্যমাত্রা কিছুটা কমিয়ে গত অর্থবছরের অর্জনের সাথে সামঞ্জস্য রেখে প্রস্তাব করা হল। উল্লেখ্য, আন্তর্জাতিক বাজারে রাবারের দর পতন এবং বিএফআইডিসিতে উৎপাদিত রাবারের উৎপাদন খরচ বৃদ্ধি পেয়েছে। |
| প্রস্তাবিত | - | - | মে.টন | ৩ | ৪৫০০ | ৪০০০ | | | | |

২.৩ বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম:

(ক) সেকশন-৩ (কর্মসম্পাদন পরিকল্পনা):

| প্রস্তাবিত/ বিদ্যমান অবস্থা | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ (সংশোধনের জন্য প্রস্তাবিত) | | | | | সংশোধনের যৌক্তিকতা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | |
| বিদ্যমান | [১.৩] গবেষকগণ কর্তৃক সংগ্রহকৃত উদ্ভিদ নমুনার হারবেরিয়াম শিট প্রস্তুত করা | [১.৩.১] প্রস্তুতকৃত হারবেরিয়াম শিট | সংখ্যা | ৪ | ১,০০০ | ৯০০ | ৮০০ | ৭০০ | ৬০০ | এপিএ প্রণয়নের সময় ভুলক্রমে ২০,০০০ এর স্থলে ১,০০০ লেখা হয়েছিল। তাছাড়া বিএনএইচ ২০,০০০ লক্ষ্যমাত্রা ধরেই কাজ করে যাচ্ছে। |
| প্রস্তাবিত | - | - | - | - | ২০,০০০ | ১৯,০০০ | | | | |

২.৪ বাংলাদেশ রাবার বোর্ড:

(ক) সেকশন-৩ (কর্মসম্পাদন পরিকল্পনা):

| প্রস্তাবিত/ বিদ্যমান অবস্থা | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ (সংশোধনের জন্য প্রস্তাবিত) | | | | | সংশোধনের যৌক্তিকতা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | |
| বিদ্যমান | [৪.৩] রাবার বোর্ডের নিজস্ব জমি অর্জন | [৪.৩.১] অর্জনকৃত জমির পরিমাণ | একর | ৯ | ৬৫ | ০০ | ০০ | ০০ | ০০ | জমি অর্জনের সিদ্ধান্ত গ্রহণ এবং এ বিষয়ে অর্থায়ন বাংলাদেশ রাবার বোর্ডের এখতিয়ারাধীন বিষয় |
| প্রস্তাবিত | [৪.৩] রাবার বোর্ডের জমি অর্জনের উদ্যোগ গ্রহণ | [৪.৩.১] গ্রহণকৃত উদ্যোগ | শতকরা | ৯ | ১০০ | ৯০ | | | | |

৩.০ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) বাংলাদেশ বন শিল্প উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম এবং বাংলাদেশ রাবার বোর্ড এর সংশোধন প্রস্তাব অনুমোদন করা হলো।

(খ) পরিবেশ অধিদপ্তর এর সংশোধন প্রস্তাব মন্ত্রণালয়ের এপিএ'র সাথে সংশ্লিষ্ট বিধায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সংশোধন প্রস্তাব অনুমোদনের পর মন্ত্রণালয়ের সাথে মিল রেখে পরিবেশ অধিদপ্তর এপিএ সংশোধন করবে।

(গ) ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এবং এর অন্তর্ভূক্ত সকল কর্মপরিকল্পনাসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়সহ দপ্তর/সংস্থার এপিএ ফোকাল পয়েন্টগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঘ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং অন্তর্ভূক্ত কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং প্রমাণকসহ এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে যথাসময়ে উর্ধ্বতন অফিসে প্রেরণ করতে হবে।

৪.০ আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-

শামিমা বেগম
যুগ্মসচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
ও এপিএ (APA) টিম লিডার

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৫২.১৬.০০১.১৯(৩).৬০৩

তারিখ: ০৫/১০/২০২৩ খ্রি:

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন বাস্তবায়ন (বাস্তবায়ন পরিবীক্ষণ-২ শাখা)
২। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা।
৬। চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড, ষোলশহর, চট্টগ্রাম।
৭। পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর, ঢাকা।
৮। যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৯। প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১০। পরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ বন গবেষনা ইনস্টিটিউট, ষোলশহর, চট্টগ্রাম।
১১। উপসচিব, জলবায়ু পরিবর্তন-৩ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১২। উপসচিব, বাজেট-১ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১৩। উপসচিব, বন-২ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১৪। উপসচিব, পরিবেশ-২ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১৫। উপসচিব, পরিকল্পনা-৬ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১৬। উপসচিব, প্রশাসন-১ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১৭। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৯। প্রোগ্রামার, আইসিটি শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

০৫.১০.২০২৩

(জেসমিন নাহার)
সিনিয়র সহকারী সচিব